



Bora Madhusudan Balika Vidyalaya

(A Recognised Girls' High School) (10 + 2)

Index No. : G4-068 ★ H.S. Code : 117244

VILL & P.O. : BORA ★ P.S. : SINGUR, ★ DIST. HOOGHLY

Ref. No.....

Office of the

Dated the

স্নেহের ছাত্রীরা,

আশা করি সকলে ভালো আছেন। বর্তমানে আমরা এক অভূতপূর্ব পরিস্থিতির মধ্যে দিন অতিবাহিত করছি। এই জরুরি অবস্থার মধ্যেও যাতে তোমরা বাড়িতে থেকে তোমাদের পঠন পাঠন কিছুটা হলেও করতে পারো, তার জন্য সরকারের শিক্ষা দফতর "বাংলার শিক্ষা" পোর্টালে বেশ কিছু অ্যাক্টিভিটি টাস্ক দিয়েছেন, যেগুলি তোমাদের ইতিমধ্যে জানানো হয়েছে। এছাড়াও তোমরা টেলিভিশনে চলতে থাকা বিভিন্ন বিষয়ের শিক্ষাদান সম্পর্কেও ওয়াকিবহাল হয়েছ। বিভিন্ন বিষয়ের শিক্ষকরাও তোমাদের সাহায্য করছেন। আশা করা যায় এভাবে তোমরা বেশ খানিকটা পড়াশোনা এগিয়ে নিয়ে যেতে পারবে। এর সাথে তোমাদের বিদ্যালয়ের অফিশিয়াল ওয়েবসাইট তৈরির কাজও সম্পূর্ণ হয়েছে। এই ওয়েবসাইট (<http://www.borambv.com>) তোমরা নিয়মিত অনুসরণ করবে। এখানেও তোমরা কিছু বিষয়ের অ্যাক্টিভিটি টাস্ক পাবে, এবং জরুরি নোটিশ ও দেওয়া থাকবে। এছাড়া নোটিশ বোর্ডে "বাংলার শিক্ষা" অনলাইন ক্লাসরুমের লিঙ্ক ও দেওয়া হল। যেটি থেকে তোমরা শিক্ষা দফতর প্রদত্ত টাস্ক, ভিডিও, এবং টেলিভিশনে চলা বিভিন্ন বিষয়ের ক্লাসগুলি পুনরায় দেখতে পাবে।

যে সমস্ত ছাত্রীরা মাধ্যমিক পরীক্ষা দিয়েছ, এই জরুরি অবস্থার মধ্যে তাদের পরীক্ষার ফলাফল প্রকাশে বিলম্ব হচ্ছে। তোমাদের প্রতি পরামর্শ নোটিশ বোর্ডে দেওয়া "বাংলার শিক্ষা" লিঙ্ক ব্যবহার করে একাদশ শ্রেণীর জন্য প্রদত্ত টাস্ক এবং বাংলা ও ইংরেজি পাঠ্য পুস্তকের PDF ডাউনলোড করে পড়াশোনা শুরু করো। প্রয়োজনে শিক্ষকরা সাহায্য করবেন।

ছাত্রীরা তোমরা পরিস্থিতিগত কারণে যে সময় পাচ্ছে তা পড়াশোনার ক্ষেত্রে সদব্যবহার করো। ভালো থাকো, সুস্থ থাকো এবং অবশ্যই বাড়িতে নিরাপদে থাকো।

রুনা রায়

(প্রধান শিক্ষিকা)